

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা)  
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭

এমআরএ/সার্কুলার লেটার নং-৫৭

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৭ বাংলা  
০৯ মে ২০২০ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

## বিষয়ঃ- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সীমিত আকারে পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অত্র অথরিটির ২৫/০৩/২০২০ইং তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং-৫৪ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং পরবর্তীতে এর প্রসাররোধে প্রযোজ্য নির্দেশনাবলী অনুসরণজনিত কারণে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের ন্যায় আপনাদের ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনায়ও সাময়িকভাবে বিঘ্ন ঘটছে মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে জরুরী ত্রাণ বিতরণসহ বিভিন্ন উন্নয়নমূলক সামাজিক কার্যক্রম পরিচালনা, জরুরী প্রয়োজনে গ্রাহকের সঞ্চয় ফেরত, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে রেমিটেন্স সেবা প্রদান, এজেন্ট ব্যাংকিং এর কার্যক্রম পরিচালনা এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ন্যায় জরুরী কার্যক্রমসমূহের পরিচালনা বাধাগ্রস্ত হচ্ছে মর্মে জানা যাচ্ছে।

২। এছাড়া এসময়ে দেশে বোরো ফসল কাটাসহ নতুনভাবে চাষাবাদ সম্পন্ন করা, অ-শস্য কৃষি উদ্যোক্তাদের (মৎস্য, লাইভস্টক, পোলট্রি ইত্যাদি সংশ্লিষ্ট) নতুনভাবে বিনিয়োগ/বিদ্যমান কার্যক্রম পরিচালনার ব্যয় সংকুলানসহ বর্তমান সময়ে বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের সাথে সংশ্লিষ্ট ক্ষুদ্র উদ্যোক্তাগণের ঋণের পর্যাশু চাহিদা রয়েছে মর্মে বিভিন্ন উৎস হতে জানা যাচ্ছে। এহেন অবস্থায় বর্ণিত খাতসমূহে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ বিতরণ অব্যাহত রাখা জরুরী মর্মে প্রতীয়মান হয়।

৩। অধিকন্তু, কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত দেশের অর্থনৈতিক বিভিন্ন খাতের বিশেষকরে কৃষি খাতের উৎপাদন ও বিপন্ন অব্যাহত রাখতে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের ধারাবাহিকতায় ক্ষুদ্রঋণ সেক্টরের দরিদ্র গ্রাহকদের জরুরী ঋণ চাহিদাপূরণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিজস্ব তহবিল দ্বারা গঠিত “নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম, ২০২০” এর সফল বাস্তবায়ন নিশ্চিতকরার লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সীমিত আকারে চলমান রাখা প্রয়োজন।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, উপরোল্লিখিত কার্যক্রমসমূহসহ ক্ষুদ্রঋণ সংশ্লিষ্ট অন্যান্য জরুরী সেবা চলমান রাখার নিমিত্ত এমআরএ/সার্কুলার লেটার নং-৫৩ ও এমআরএ/সার্কুলার লেটার নং-৫৪ এর নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণসহ নিম্নোক্ত নির্দেশনাবলী পরিপালনের শর্তে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ সীমিত আকারে কার্যক্রম পরিচালনা করতে পারেঃ

১. নভেল করোনা ভাইরাস রোগ এর প্রসার রোধে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ দাপ্তরিক প্রতিটি ক্ষেত্রে কঠোরভাবে অনুসরণ;
২. কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ক্ষুদ্রঋণ কার্যক্রম ব্যতীত দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থীদের অফিসে আগমন নিবৃৎসাহিতকরণ এবং নিজস্ব কর্মকর্তা/কর্মচারীসহ অফিসে উপস্থিত সকলের মধ্যে নির্দিষ্ট দূরত্ব (WHO এর গাইড লাইন অনুযায়ী) বজায় রাখা নিশ্চিতকরণ;



## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা)  
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭

৩. সেক্টরে প্রচলিত সমিতির সভা/উঠান বৈঠক পরিহার করে ২নং ক্রমিকে বর্ণিত পদ্ধতি অনুসরণের পাশাপাশি যথাসম্ভব ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে গ্রাহক পর্যায়ে সেবা প্রদান;
৪. নির্ধারিত সময়ের আগে/পরে অফিসে অবস্থান না করা এবং একই সময়ে প্রয়োজনাতিরিক্ত কর্মী অফিসে উপস্থিত থাকা হতে বিরতকরণ;
৫. অফিস এবং অফিসে উপস্থিত সকলকে জীবানুমুক্ত রাখার পদক্ষেপ গ্রহণ;
৬. মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষণাকৃত এলাকার সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে উক্ত এলাকায় কার্যক্রম পরিচালনা; এবং
৭. সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুসরণ।

৫। ‘মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬’ এর ধারা ৯(চ) ও ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ ইয়াকুব হোসেন)  
পরিচালক

মোবাইল: ০১৮১৫৫০৩৯৭৫

তারিখ: ০৯/০৫/২০২০ ইং

নম্বর- ৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২০-৯৪৪(৭৫৯)(৮১)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১০. পিএস টু প্রধানমন্ত্রীর মুখ্য সচিব (প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১১. পিএস টু মন্ত্রিপরিষদ সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।



(মুহাম্মদ মিজানুর রহমান)  
উপপরিচালক

মোবাইল: ০১৫৫২৪৪০৯২১